গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.sunamganj.gov.bd

**নম্বর:** ০৫.৪৬.৯০০০.০০০.০১৬.৯৯.০০০২.২৬.৭১৪

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**গণবিজ্ঞপ্তি**

বিষয়: **শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সকাল ১১.০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত খোলা রাখা।**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ১২/০৮/২০২৬ তারিখের ৫৯৫ নং পত্রের নির্দেশনা মোতাবেক ১২ আগস্ট ২০২৬ তারিখ হতে বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সকাল ১১:০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত খোলা রাখা, সকল প্রকার আলোকিত বিলবোর্ড সন্ধ্যা ৭:০০ টার মধ্যে বন্ধকরণ এবং সকল প্রকার আলোকসজ্জা বন্ধ রাখার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ সময়সীমা জেলার বিভিন্ন প্রান্তে চলমান ও অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে, খাবারের দোকান, হাসপাতাল, ঔষধের দোকান ইত্যাদি এর আওতাবহির্ভূত থাকবে।

০২। এমতাবস্থায়, জেলার বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সকাল ১১:০০টা হতে রাত ৮:০০টা পর্যন্ত খোলা রাখা, সকল প্রকার আলোকিত বিলবোর্ড সন্ধ্যা ৭:০০টার মধ্যে বন্ধকরণ, সকল প্রকার আলোকসজ্জা বন্ধ রাখা এবং জেলার বিভিন্ন এলাকায় চলমান/অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান রাত ৮:০০ টার মধ্যে বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৬-০৮-২০২৬
সুনজিত কুমার চন্দ
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ফোন : ০২৯৯৬৬০০৯০৫
ইমেইল : adm.sunamganj@gmail.com

.।